বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১ম সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : শনিবার, ২ জানুয়ারি ২০১০

সময় : বিকাল ৫:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক

বিশেষ আমন্ত্রণে উপস্থিত:

জনাব মোঃ মঈনুল ইসলাম - সদ্য সাবেক পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৬ ডিসেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. সমিতির ২০১০ - ২০১১ মেয়াদকালের উপদেষ্টা পরিষদ, সভাপতি ফোরাম, স্ট্যান্ডিং কমিটি এবং উপ-কমিটিসমূহ গঠন প্রসঙ্গে
৪. সমিতির ২০১০ সালের কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে
৫. সমিতির সচিবালয়ের কার্যক্রমকে আরো বেশি গতিশীল করার জন্য কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে
৬. বিবিধ

সভাপতি ২০১০-১১ মেয়াদকালের জন্য নির্বাচিত সমিতির পরিচালকবৃন্দ এবং সদ্য বিদায়ী পরিচালক জনাব মোঃ মঈনুল ইসলামকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৬ ডিসেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ২৬ ডিসেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৬ ডিসেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২৭ ডিসেম্বর ২০০৯ - ২ জানুয়ারি ২০১০

২৭ ডিসেম্বর ২০০৯ সভাপতি ইউনেসকো সমিতি আয়োজিত সেমিনারে ডিজিটাল শিক্ষা ব্যবস্থা বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ৩০ ও ৩১ ডিসেম্বর ২০০৯ এবং ১ জানুয়ারি ২০১০ তিনি চট্টগ্রাম শহরে ও কুমিল্লার গৌরীপুরে ৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাশরুমে কম্পিউটারের ব্যবহার বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মূল বক্তব্য পেশ করেন।

আলোচ্যসূচি-৩ : সমিতির ২০১০ - ২০১১ মেয়াদকালের উপদেষ্টা পরিষদ, সভাপতি ফোরাম, স্ট্যান্ডিং কমিটি এবং উপ-কমিটিসমূহ গঠন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সমিতির ২০১০-১১ মেয়াদকালের জন্য উপদেষ্টা পরিষদ, সভাপতি ফোরাম, স্ট্যান্ডিং কমিটি এবং উপ-কমিটিসমূহ গঠনের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। এতে পরিচালকবৃন্দ আজকের সভাতেই উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটি গঠন না করে সেসব পরবর্তীতে গঠন করার অভিপ্রায় ব্যক্ত করেন। তারা অভিমত ব্যক্ত করে বলেন, পূর্ববর্তী উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিগুলো কতুটুকু সক্রিয় ছিল বা কী কী ধরনের কর্মকাণ্ড পরিচালনা করেছে তা খতিয়ে দেখার প্রয়োজন রয়েছে। এ ব্যাপারে সমিতির সচিবালয় থেকে পরিচালকবৃন্দকে পূর্বতন উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিগুলোর তালিকা সরবরাহ করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এতে করে কোন কোন কমিটি কোন কোন কর্মকাণ্ড পরিচালনা করেছে তা বুঝতে সুবিধা হবে এবং সে অনুযায়ী বর্তমান মেয়াদকালের জন্য স্ট্যান্ডিং কমিটিগুলোর পুনর্বিন্যাস করার প্রয়োজন রয়েছে কিনা তা নিরূপণ এবং ২০১০-১১ মেয়াদকালের জন্য উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠন করার ক্ষেত্রে সহায়ক হবে। তবে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভার পূর্বেই স্ট্যান্ডিং কমিটিসমূহে অন্তর্ভুক্তির আগ্রহপত্র প্রকাশ করার অনুরোধ জানিয়ে সমিতির সদস্যবৃন্দের প্রতি ই-মেইল প্রেরণ করা উচিত বলে পরিচালকবৃন্দ মত পেশ করেন। অন্যদিকে, সমিতির বর্তমান এবং প্রাক্তন সভাপতিদের সমন্বয়ে সভাপতি ফোরাম

গঠন করার জন্য পরিচালকবৃন্দ মত পেশ করেন। তাছাড়া, যেসব উপ-কমিটি কেবলমাত্র পরিচালকদের সমন্বয়ে গঠিত হয় সেসব উপ-কমিটি আজকের সভায় গঠন করা যায় কিনা সে ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান। এতে তারা আজকের সভায় নিম্নোক্তভাবে সমিতির ২০১০-১১ মেয়াদকালের সদস্যপদ উপ-কমিটি এবং ক্রয় সংক্রান্ত উপ-কমিটি গঠনের ব্যাপারে একমত পোষণ করেন:

সদস্যপদ উপ-কমিটি ২০১০ - ২০১১

জনাব কাজী আশরাফুল আলম	-	চেয়ারম্যান
জনাব নাজমুল আলম ভুইঁয়া (জুয়েল)	-	সদস্য
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	সদস্য
জনাব ইউসুফ আলী শামীম	-	সদস্য

ক্রয় সংক্রান্ত উপ-কমিটি ২০১০ - ২০১১

জনাব মজিবুর রহমান স্বপন	-	চেয়ারম্যান
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	সদস্য
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	সদস্য

সিদ্ধান্ত :

- সমিতির বর্তমান এবং প্রাক্তন সভাপতিদের নিয়ে ২০১০ - ২০১১ মেয়াদকালের জন্য নিম্নোক্তভাবে সভাপতি ফোরাম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

  বিসিএস সভাপতি ফোরাম ২০১০-২০১১

  জনাব এস, এম, কামাল
  জনাব সাজ্জাদ হোসেন
  জনাব আফতাব উল ইসলাম
  জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী
  জনাব মো: সবুর খান
  জনাব এস, এম, ইকবাল
  জনাব মো: ফয়েজউল্যাহ্ খান
  জনাব মোস্তাফা জব্বার

- আজকের সভাতে উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটি গঠন না করে সেসব পরবর্তীতে গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- পূর্ববর্তী উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিগুলো কতুটুকু সক্রিয় ছিল বা কী কী ধরনের কর্মকাণ্ড পরিচালনা করেছে তা খতিয়ে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়।

- পূর্ববর্তী কোন কোন কমিটি কোন কোন কর্মকাণ্ড পরিচালনা করেছে তা বুঝতে সুবিধার

কারণে এবং সে অনুযায়ী বর্তমান মেয়াদকালের জন্য স্ট্যান্ডিং কমিটিগুলোর পুনর্বিন্যাস করার জন্য সচিবালয় থেকে পরিচালকবৃন্দকে পূর্বতন উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিগুলোর তালিকা সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- সমিতির ২০১০-১১ মেয়াদকালের সমিতির সদস্যপদ উপ-কমিটি এবং ক্রয় সংক্রান্ত উপ-কমিটি নিম্নোক্তভাবে গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সদস্যপদ উপ-কমিটি ২০১০ - ২০১১</u>

জনাব কাজী আশরাফুল আলম	-	চেয়ারম্যান
জনাব নাজমুল আলম ভুইঁয়া (জুয়েল)	-	সদস্য
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	সদস্য
জনাব ইউসুফ আলী শামীম	-	সদস্য

<u>ক্রয় সংক্রান্ত উপ-কমিটি ২০১০ - ২০১১</u>

জনাব মজিবুর রহমান স্বপন	-	চেয়ারম্যান
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	সদস্য
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	সদস্য

আলোচ্যসূচি-৪ : সমিতির ২০১০ সালের কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সমিতির ২০১০ সালের কর্মপরিকল্পনা প্রসঙ্গে আলাপ করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান। এতে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বিসিএস সচিবালয় কর্তৃক প্রস্তুতকৃত সমিতির সম্ভাব্য কর্মকাণ্ডের একটি তালিকা সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-১)। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চান এবং তিনি নিজে অভিমত ব্যক্ত করে বলেন, উপস্থাপিত কর্মকাণ্ডের সঙ্গে সমিতির গবেষণা ও জরিপ কাজ, কল্যাণ তহবিল সৃষ্টি এবং ডিজিটাল বিশ্ববিদ্যালয় প্রকল্প অন্তর্ভুক্ত করা প্রয়োজন। সাবেক পরিচালক জনাব মোঃ মঈনুল ইসলাম অভিমত ব্যক্ত করে বলেন, দ্রুততার সাথে আইসিটি'র বাজার জরিপ এবং বাজার গবেষণার কাজ পরিচালনা করা উচিত। তিনি বলেন, সমিতির সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য অনতিবিলম্বে স্বল্প পরিসরে প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। সাবেক পরিচালক জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, সদস্য কোম্পানিগুলোর ব্যবস্থাপনা সামর্থ্য বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে। সভাপতি বলেন, প্রশিক্ষণগুলো সুনির্দিষ্টভাবে বিষয়ভিত্তিক হওয়া উচিত। তিনি বলেন, প্রশিক্ষণের মান বজায় রাখা এবং গ্রহণযোগ্যতার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল স্বীকৃত সনদ প্রদানের অনুমতি গ্রহণ করা যেতে পারে। এসব ব্যাপারে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন আগামী কার্যনির্বাহী কমিটির সভায় বিস্তারিত পরিকল্পনা উপস্থাপন করবেন বলে সভাপতি প্রস্তাব করেন। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, সমিতির নিজস্ব জনবল দিয়ে গবেষণা এবং জরিপ কাজ শুরু করা যেতে পারে। তিনি খুলনা ও সিলেটে ইতোমধ্যে শাখা কমিটি গঠিত হয়েছে বিধায় ঢাকার বাইরে উক্ত দু'টি বিভাগ বাদে অন্যসব বিভাগে বিভাগে সমিতির শাখা কমিটি গঠন করার উপর গুরুত্বারোপ করেন। মহাসচিব বিসিএস আইটি ক্লাব

স্থাপনের ব্যাপারেও গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত : এতদ্‌সঙ্গে যুক্ত সমিতির কর্মকাণ্ডের তালিকার ভিত্তিতে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সমিতির ২০১০ সালের বার্ষিক কর্মকাণ্ডের বিস্তারিত পরিকল্পনা আগামী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : সমিতির সচিবালয়ের কার্যক্রমকে আরো বেশি গতিশীল করার জন্য কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে

আলোচনা : সমিতির সচিবালয়ের কার্যক্রমকে আরও বেশি গতিশীল করার ব্যাপারটি কর্মপরিকল্পনার উপর নির্ভরশীল বিধায় এ দু'টি বিষয় সমন্বিত করে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন আগামী কার্যনির্বাহী কমিটির সভায় একটি পরিকল্পনা উপস্থাপন করবেন বলে সভাপতি সভায় প্রস্তাব করেন। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, তিনি আগামী ২/১ দিনের মধ্যেই সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে বৈঠকে মিলিত হবেন। তিনি বলেন, সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সুনির্দিষ্টভাবে দায়িত্ব বণ্টন করে দেয়া হবে।

সিদ্ধান্ত :

- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন আগামী ২/১ দিনের মধ্যেই সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে বৈঠকে মিলিত হবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সুনির্দিষ্টভাবে দায়িত্ব বণ্টন করে দেয়া হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৬ : বিবিধ

আলোচনা :

- সভাপতি সভায় জানান, আগামী ৮-১৪ মার্চ ২০১০ সময়কালের বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজন করার জন্য সেখানে বুকিং দেয়া রয়েছে। উক্ত সময়কালের মধ্যে প্রদর্শনী আয়োজন করা যাবে কিনা এ ব্যাপারে তিনি পরিচালকদের মতামত জানতে চান। এতে সভায় এই অভিমত ব্যক্ত করা হয় যে, দেশের সরকার প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে প্রদর্শনী উদ্বোধন করলে সর্বমহলে এর ইতিবাচক প্রভাব পড়বে। এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে তিনি যাতে প্রদর্শনী উদ্বোধন করতে সম্মতি জ্ঞাপন করেন তার জন্য যথাসাধ্য প্রচেষ্টা চালানো উচিত বলে সকলে একমত পোষণ করেন।
- পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর বলেন, বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনের ব্যাপারে স্পন্সরদের আগ্রহ জানা এবং এ ব্যাপারে তাদের সাথে বৈঠক করা যেতে পারে। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, স্পন্সরদের আকৃষ্ট করার জন্য প্রদর্শনীর উপরে তাদের সাথে মতবিনিময় সভার অনুষ্ঠানের সময় একটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা যেতে পারে। সভাপতির সাথে পরামর্শ করে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন উক্ত প্রেজেন্টেশন তৈরি করবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।
- সভাপতি প্রস্তাব করেন, পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়কের দায়িত্ব পালন করবেন।
- সভাপতি চীফ অপারেটিং অফিসারকে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সমিতির কার্যনির্বাহী কমিটি ২০১০ - ২০১১-এর সাক্ষাতের জন্য তাঁদের নিকট আবেদনপত্র প্রেরণের নির্দেশ দেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন প্রস্তাব করেন, সমিতির সচিবালয়ে পরিচালকদের ব্যবহারের জন্য একটি ল্যাপটপ ক্রয় করা প্রয়োজন। এ ব্যাপারে ক্রয় সংক্রান্ত উপ-কমিটি

ব্যবস্থা গ্রহণ করবে বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

- সভাপতি চীফ্ অপারেটিং অফিসারের নিকট জানতে চান, পূর্ববর্তী কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে জনাব মারুফ আলম সদ্য সাবেক মহাসচিবের মাধ্যমে কার্যনির্বাহী কমিটি এবং চীফ্ অপারেটিং অফিসারের নিকট দুঃখ প্রকাশ করেছেন ও ক্ষমা চেয়েছেন কিনা। এতে চীফ্ অপারেটিং অফিসার জানান, বিগত ৩০ ডিসেম্বর ২০০৯ তারিখে সমিতির সাবেক মহাসচিব জনাব মোহাম্মদ জহিরুল ইসলামের ব্যবসায়িক কার্যালয়ে উপস্থিত হয়ে জনাব মারুফ উল্লেখিতভাবে দুঃখ প্রকাশ করেছেন ও ক্ষমা চেয়েছেন। তাই বিষয়টি সেখানে প্রশমিত হয়েছে বিধায় এ নিয়ে আর কিছু করার প্রয়োজন নেই বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।
- সভাপতি বিসিএস নির্বাচন বোর্ড ২০০৯-এর চেয়ারম্যান জনাব এস, এম, ইকবাল কর্তৃক ইয়ার ২০০০ কোং (প্রা:) লি:-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব হাফিজ আকবর আহমেদ-এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগপত্র, জনাব মোঃ হাফিজ আকবর আহমেদ বিসিএস-এর নামে টেন্ডারবাজী সংক্রান্ত উত্থাপিত বিষয় এবং টঙ্গীস্থ জনৈক মোশারফ হোসেন কর্তৃক ট্রাই-জেম কম্পিউটার্সের সত্ত্বাধিকারী জনাব মোতালেব হোসেন মানিক-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ব্যাপারে তদন্ত করার জন্য একটি তদন্ত কমিটি গঠনের প্রস্তাব করেন। ১ সদস্য বিশিষ্ট উক্ত তদন্ত কমিটির চেয়ারম্যান হিসেবে আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ-এর সভাপতি জনাব আক্তারুজ্জামান মঞ্জু দায়িত্ব পালন করবেন বলে তিনি প্রস্তাব করেন। তদন্তের স্বার্থে এবং প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনে জনাব মঞ্জু প্রয়োজনীয় লোকবল নিয়োজিত করতে পারবেন এবং এসব ব্যাপারে সমিতির সচিবালয় তাকে যথাযথ সহায়তা প্রদান করবে। আগামী ১৪ জানুয়ারি ২০১০ তারিখের মধ্যে উক্ত তদন্ত কমিটির চেয়ারম্যানকে তদন্ত কাজ শেষ করে প্রতিবেদন পেশ করার অনুরোধ জানানো হবে।
- কক্সবাজারস্থ জনৈক আব্দুল্লাহ কর্তৃক বিসিএস সদস্য কোম্পানি স্পেস টেকনোলজীর বিরুদ্ধে ওয়ারেন্টি সংক্রান্ত অভিযোগের ব্যাপারে উক্ত কোম্পানি সমিতিকে এ বিষয়ে তাদের বক্তব্য জানিয়ে চিঠি প্রদান করবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।
- চীফ অপারেটিং অফিসার সভায় অবহিত করেন, বিগত ২৯ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রিন্স প্লাজায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠানকালে যে সংখ্যক সদস্য উপস্থিত হয়েছিল তার চেয়ে ৫০টি ডায়েরি বেশি বিতরণ করা হয়েছে বলে ধারণা করা যাচ্ছে। এতে সভাপতি বলেন, কীভাবে এত বেশি ডায়েরি বিতরণ করা হয়েছে তা মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন তদন্ত করে আগামী কার্যনির্বাহী কমিটির সভায় প্রতিবেদন পেশ করবেন।

সিদ্ধান্ত :

- **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে যাতে বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ উদ্বোধন করতে সম্মত হন তার জন্য যথাসাধ্য প্রচেষ্টা চালানো হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।**
- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনের ব্যাপারে স্পন্সরদের আগ্রহ জানা এবং এ ব্যাপারে তাদের সাথে বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর স্পন্সরদের আকৃষ্ট করার জন্য প্রদর্শনীর উপরে তাদের সাথে মতবিনিময় সভার অনুষ্ঠানের সময় একটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতির সাথে পরামর্শ করে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন উক্ত প্রেজেন্টেশন তৈরি করার সম্মতি জ্ঞাপন করেন।
- পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়কের দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

- মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সমিতির কার্যনির্বাহী কমিটি ২০১০ - ২০১১-এর সাক্ষাতের জন্য তাঁদের নিকট আবেদনপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির সচিবালয়ে পরিচালকদের ব্যবহারের জন্য একটি ল্যাপটপ ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে ক্রয় সংক্রান্ত উপ-কমিটি ব্যবস্থা গ্রহণ করবে।
- সমিতির সদস্য কোম্পানি ডিজি সলিউশনের ভূতপূর্ব প্রতিনিধি জনাব মারুফ আলম তার সাম্প্রদায়িকতাপূর্ণ এবং অশোভনীয় বক্তব্য প্রদানের জন্য সমিতির কার্যনির্বাহী কমিটি এবং চীফ্ অপারেটিং অফিসারের নিকট দুঃখ প্রকাশ করেছেন এবং ক্ষমা চেয়েছেন বিধায় এ নিয়ে আর কিছু করার প্রয়োজন নেই বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস নির্বাচন বোর্ড ২০০৯-এর চেয়ারম্যান জনাব এস, এম, ইকবাল কর্তৃক ইয়ার ২০০০ কোং (প্রা:) লি:-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব হাফিজ আকবর আহমেদ-এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগপত্র, জনাব মোঃ হাফিজ আকবর আহমেদের বিসিএস-এর নামে টেন্ডারবাজী সংক্রান্ত উত্থাপিত বিষয় এবং টঙ্গীস্থ জনৈক মোশারফ হোসেন কর্তৃক ট্রাই-জেম কম্পিউটার্সের সত্ত্বাধিকারী জনাব মোতালেব হোসেন মানিক-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ব্যাপারে তদন্ত করার জন্য ১ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ-এর সভাপতি জনাব আক্তারুজ্জামান মঞ্জুকে উক্ত তদন্ত কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনয়নদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তের স্বার্থে এবং প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনে জনাব মঞ্জু প্রয়োজনীয় লোকবল নিয়োজিত করতে পারবেন এবং এসব ব্যাপারে সমিতির সচিবালয় তাকে যথাযথ সহায়তা প্রদান করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১৪ জানুয়ারি ২০১০ তারিখের মধ্যে উক্ত তদন্ত কমিটির চেয়ারম্যানকে তদন্ত কাজ শেষ করে প্রতিবেদন পেশ করার অনুরোধ জানানো হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- কক্সবাজারস্থ জনৈক আব্দুল্লাহ কর্তৃক বিসিএস সদস্য কোম্পানি স্পেস টেকনোলজীর বিরুদ্ধে ওয়ারেন্টি সংক্রান্ত অভিযোগের ব্যাপারে উক্ত কোম্পানী সমিতিকে এ বিষয়ে তাদের বক্তব্য জানিয়ে চিঠি প্রদান করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- কী কারণে বিগত ২৯ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রিন্স প্লাজায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠানকালে ৫০টি ডায়েরি বেশি বিতরণ করা হয়েছে তা মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন তদন্ত করে আগামী কার্যনির্বাহী কমিটির সভায় প্রতিবেদন পেশ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি

সংযুক্তি-১ : সমিতির সচিবালয়ের কর্মকাণ্ডের তালিকা

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি-১ : সমিতির সচিবালয়ের কর্মকাণ্ডের তালিকা

১. সদস্যদের সেবা প্রদান

১.১ সদস্যদের ড্যাটাবেজ প্রস্তুত ও যোগাযোগের তথ্যাদি, যেমন ঠিকানা, ফোন, ফ্যাক্স, ই-মেইল, ওয়েব সাইট ইত্যাদি হালনাগাদকরণ;
১.২ আইডি কার্ডের জন্য তথ্য সংগ্রহ এবং তা প্রিন্ট করা;
১.৩ সার্টিফিকেট প্রিন্ট করা;
১.৪ সদস্যদের জন্য হেল্পডেস্ক স্থাপন ও ব্যবস্থাপনা করা;
১.৫ বার্ষিক চাঁদার জন্য চিঠি প্রদান এবং চাঁদা সংগ্রহ করা;
১.৬ অভ্যন্তরীণ এবং বহিস্থ বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠান- যথা প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ, প্রদর্শনী, সম্মেলন ইত্যাদিতে অংশগ্রহণের ব্যবস্থা করা;
১.৭ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও বিভাগসংশ্লিষ্ট কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ;
১.৮ ব্যবসা-বাণিজ্য এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর ও বিভাগের সাথে দেন-দরবারের ব্যবস্থা করা।

২. নতুন সদস্যপদে ভর্তি প্রক্রিয়া

২.১ ভর্তি ফিসহ সদস্যপদের আবেদনপত্র পরীক্ষা-নীরিক্ষা পূর্বক তা গ্রহণ করা;
২.২ আবেদনকারী কোম্পানির ঠিকানায় সরেজমিনে পরিদর্শন করা;
২.৩ যাচাই-বাছাই পূর্বক সদস্যপদের আবেদনপত্র প্রথমে সদস্যপদ উপ-কমিটি এবং পরবর্তীতে কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করা;
২.৪ অনুমোদিত সদস্য কোম্পানিকে সমিতির তালিকায় অন্তর্ভূক্ত করা, ফাইল খোলা এবং সংশ্লিষ্ট কোম্পানিকে অনুমোদন সংক্রান্ত চিঠি প্রদান করা।

৩. বিভাগীয় এবং জেলা শহরে সমিতির শাখা গঠন এবং সহায়তা প্রদান করা।

৪. কার্যনির্বাহী কমিটি, সাধারণ সভা এবং অন্যান্য কমিটির সভা

৪.১ সভার জন্য নোটিশ জারি, এসএমএস এবং টেলিফোন করা;
৪.২ সভার কার্যবিবরণী প্রস্তুত করা;
৪.৩ সভা আয়োজন করা;
৪.৪ সভার সিদ্ধান্ত অনুসরণ পূর্বক কর্মকাণ্ড পরিচালনা করা।

৫. পরিচালকবৃন্দকে সহায়তা প্রদান এবং তাদের স্ব স্ব ফাইল ব্যবস্থাপনায় সহায়তা করা।

৬. দেশের অভ্যন্তরীণ কর্মসূচি ও অনুষ্ঠানাদি

৬.১ রাজধানী ঢাকাসহ বিভাগীয় শহরগুলোতে প্রদর্শনী, যথা- বিসিএস আইসিটি ওয়ার্ল্ড, বিসিএস ডিজিটাল এক্সপো, বিসিএস কম্পিউটার শো, বিসিএস আইটি এক্সপো ইত্যাদি আয়োজন করা;
৬.২ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ এবং সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করা।

৭. বহির্বিশ্বের কর্মসূচি ও অনুষ্ঠানাদি

৭.১ উইটজা এবং অ্যাসোসিও'র সম্মেলন এবং প্রদর্শনীতে অংশগ্রহণ করা;
৭.২ উইটজা এবং অ্যাসোসিও'র সদস্য এসোসিয়েশনগুলো আয়োজিত কর্মসূচি ও অনুষ্ঠানে অংশগ্রহণ;
৭.৩ বিশ্বব্যাপী অন্যান্য কর্মসূচি ও অনুষ্ঠানে অংশগ্রহণ করা।

৮. দেশের অভ্যন্তরে গণসংযোগ ও সমন্বয় সাধন
  ৮.১ সদস্যদের মধ্যে গণসংযোগ ও সমন্বয় সাধন করা;
  ৮.২ সরকারি ও বেসরকারি বিভিন্ন পর্যায়ে গণসংযোগ ও সমন্বয় সাধন করা;
  ৮.৩ গণমাধ্যমের সঙ্গে গণসংযোগ ও সমন্বয় সাধন করা।

৯. বহির্বিশ্বের সাথে গণসংযোগ ও সমন্বয় সাধন
  ৯.১ উইটজা এবং অ্যাসোসিও'র সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা;
  ৯.২ বিশ্বব্যাপী অন্যান্য পক্ষের সাথে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা।

১০. প্রতিবেদন, বাণী, ভাষণ, চিঠিপত্র/ই-মেইল এবং সংবাদ বিজ্ঞপ্তি প্রস্তুত করা।

১১. চিঠিপত্র/ই-মেইল এবং সংবাদ বিজ্ঞপ্তি আদান-প্রদান করা।

১২. সমিতি থেকে সরবরাহকৃত এবং সমিতির বাইরের থেকে আসা চিঠি ও দলিলপত্র প্রক্রিয়া, সূচিভূক্ত এবং অনুসরণ ও ট্র্যাকিং
  ১২.১ স্ক্যান করা;
  ১২.২ সূচির তালিকাভূক্ত করা;
  ১২.৩ সূচির চিঠি ও দলিলপত্র সভাপতি ও পরিচালক এবং প্রয়োজনানুসারে সদস্যদের মধ্যে বিতরণ এবং অনুসরণ করা;
  ১২.৪ সরবরাহকৃত এবং গৃহীত চিঠিপত্র ট্র্যাকিং করা।

১৩. সমিতির গ্রাফিক্স ও ওয়েব ডিজাইন, ওয়েব সাইট ব্যবস্থাপনা ও হালনাগাদকরণ এবং প্রাথমিকভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে সহায়তা প্রদান করা।

১৪. সমিতির প্রকাশনা ও প্রচারপত্রের প্রস্তুত এবং বিতরণ/প্রচার করা।

১৫. সমিতি এবং আইসিটি'র উন্নয়নে নীতিমালা প্রণয়ন করা।

১৬. আইসিটি সংক্রান্ত বাজার জরিপ এবং গবেষণা কাজ পরিচালনা করা।

১৭. সমিতি, সমিতির সদস্য এবং আইসিটি'র উন্নয়নে বিশেষ কর্মকাণ্ড ও প্রকল্প
  ১৭.১ দলিলপত্র, চুক্তিপত্র এবং নীতিমালা প্রস্তুত করা;
  ১৭.২ বাস্তবায়নের জন্য সরকার এবং সংশ্লিষ্ট অন্যান্য পক্ষসমূহের সাথে দেন-দরবার/আলাপ-আলোচনা এবং অনুসরণ করা;
  ১৭.৩ প্রকল্প বাস্তবায়নের জন্য অনুষ্ঠান এবং কর্মসূচির আয়োজন করা;
  ১৭.৪ ডিজিটাল বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা করা;
  ১৭.৫ বিসিএস ডিজিটাল শিক্ষা প্রকল্প পরিচালনা করা।

১৮. মন্ত্রণালয়, দপ্তর এবং সংস্থাসমূহের সাথে সমন্বয় সাধন এবং কর্মকাণ্ড পরিচালনা
  ১৮.১ প্রধানমন্ত্রীর কার্যালয় / জাতীয় আইসিটি টাস্কফোর্স;
  ১৮.২ বিজ্ঞান এবং আইসিটি মন্ত্রণালয়;
  ১৮.৩ বাণিজ্য মন্ত্রণালয়;
  ১৮.৪ বিসিসি;
  ১৮.৫ আইবিপিসি;
  ১৮.৬ ইপিবি;

১৮.৭ এফবিসিসিআই, বেসিস, আইএসপিএবি ইত্যাদি সংগঠন।

১৯. সমিতির ক্রয় প্রক্রিয়া
১৯.১ দরপত্র আহ্বান ও সংগ্রহ করা;
১৯.২ দরপ্রত্রের তুলনাপত্র তৈরি করা;
১৯.৩ কার্যাদেশপত্র প্রস্তুত ও প্রদান করা।

২০. সমিতির লেন-দেনসহ হিসাব ব্যবস্থাপনা
২০.১ সমিতির পাওনা আদায়ের জন্য ইনভয়েস প্রস্তুত ও সরবরাহ করা;
২০.২ পাওনা আদায়ের জন্য তাগিদ দেয়া;
২০.৩ সমিতির নিকট পাওনা প্রদানের জন্য ইনভয়েস গ্রহণ এবং অনুসরণ করা;
২০.৪ ভাউচার তৈরি করা;
২০.৫ ব্যাংকে লেন-দেনের জন্য চেকে স্বাক্ষর, জমা রসিদ লেখা ইত্যাদি কাজ করা;
২০.৬ দেনা-পাওনা এবং আয়-ব্যয়ের দৈনন্দিন খতিয়ান ব্যবস্থাপনা করা;
২০.৭ সমন্বয় সাধন করে ত্রৈমাসিক হিসাব প্রস্তুত ও নিরীক্ষণের ব্যবস্থা করা;
২০.৮ বার্ষিক হিসাব প্রস্তুত ও নিরীক্ষণের ব্যবস্থা করা;
২০.৯ হিসাব প্রস্তুতকরণের জন্য ফিন্যান্স স্ট্যান্ডিং কমিটির উপদেশ গ্রহণ এবং নিরীক্ষকের সাথে সমন্বয় সাধন করা।

২১. সমিতির কল্যাণ তহবিল গঠন ও পরিচালনায় সহায়তা করা।

২২. সম্পদের তালিকা প্রস্তুত ও ব্যবস্থাপনা করা।

২৩. ম্যানুয়েল ফাইলপত্র ব্যবস্থাপনা এবং সংরক্ষণ
২৩.১ সদস্যদের ফাইল;
২৩.২ সমিতি এবং সরকারি ও বেসরকারি অন্যান্য ফাইল।

২৪. সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে স্বল্প বা দীর্ঘমেয়াদি এবং তাৎক্ষণিক ও সাময়িকভাবে কারিগরি ও তথ্যগত সহায়তা প্রদান করা।

২৫. মানবসম্পদ ব্যবস্থাপনা
২৫.১ নিয়োগ বিজ্ঞপ্তি প্রস্তুত, লিখিত ও মৌখিক পরীক্ষার ব্যবস্থা এবং চাকুরিতে যোগদানের চিঠি প্রস্তুত ও সরবরাহ করা;
২৫.২ হাজিরা ব্যবস্থাপনা করা;
২৫.৩ ছুটি ব্যবস্থাপনা করা;
২৫.৪ কর্মকর্তা-কর্মচারীদের জন্য উৎসাহ ও উদ্দীপনামূলক কর্মকাণ্ডের ব্যবস্থা করা;
২৫.৫ বার্ষিক মূল্যায়ন করা।

২৬. অন্যান্য কর্মকাণ্ড, যথা- ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদন সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা ও অনুষ্ঠান আয়োজন ও ব্যবস্থাপনা করা।